বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/২৫৮১(১২৫০) তারিখঃ ১৯/০৫/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩/০৪/২০২০ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

অত্র বিভাগের বিগত ২৭/১০/২০২০ তারিখের ১০৬৭ (১২০০) নম্বর পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩/০৪/২০২০ এর আওতায় বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ হতে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত ১৬৯৯.০০ কোটি টাকা সার্বিক অর্জন ও বাস্তবতার প্রেক্ষিতে মাঠ কার্যালয়ে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হয়। এসিডি সার্কুলার নং ০১ এর আওতায় ১৬/০৫/২০২১ তারিখ ভিত্তিক ঋণ মঞ্জুরি ও বিতরণ কার্যক্রম পর্যালোচনান্তে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে এসিডি সার্কুলার নং ০১ এর আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে উক্ত পরিপত্রের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে পুনঃবন্টন করা হলো।

**এসিডি সার্কুলার নং ০১ এর আওতায় পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা ঃ** **(কোটি টাকায়)**

| ক্রমিক নং | বিভাগের নাম | ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা (৩০ শে জুন ২০২১ এর মধ্যে বিতরণযোগ্য | বর্ধিত/হ্রাস কৃত লক্ষ্যমাত্রা | ঋণ বিতরণের পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা (৩০ শে জুন ২০২১ এর মধ্যে বিতরণযোগ্য | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার ১৬/০৫/২০২১ ভিত্তিক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | ৩০৫.০০ | (+)৫.০০ | ৩১০.০০ | ৯৮.৩১% | বর্ধিত |
| ০২ | ময়মনসিংহ | ৩৫৩.০০ | (-) ১৩.০০ | ৩৪০.০০ | ৯৮.৩২% | হ্রাসকৃত |
| ০৩ | চট্টগ্রাম | ৯৪.০০ | -- | ৯৪.০০ | ৯৯.৬১% | অপরিবর্তিত |
| ০৪ | খুলনা | ৩২৬.০০ | -- | ৩২৬.০০ | ৯৬.৮২% | অপরিবর্তিত |
| ০৫ | বরিশাল | ১৪৯.০০ | -- | ১৪৯.০০ | ৯৮.০৮% | অপরিবর্তিত |
| ০৬ | সিলেট | ৭১.০০ | -- | ৭১.০০ | ৯৯.৬৩% | অপরিবর্তিত |
| ০৭ | কুমিল্লা | ১৪২.০০ | -- | ১৪২.০০ | ৯৯.১১% | অপরিবর্তিত |
| ০৮ | ফরিদপুর | ১১৩.০০ | (+) ৫.০০ | ১১৮.০০ | ৯৫.৭৭% | বর্ধিত |
| ০৯ | কুষ্টিয়া | ১৪৫.০০ | (+) ৩.০০ | ১৪৮.০০ | ৯৭.৩০% | বর্ধিত |
| ১০ | এলপিও | ১.০০ | -- | ১.০০ | ২৫.০০% | অপরিবর্তিত |
| সর্বমোট | | ১৬৯৯.০০ | | ১৬৯৯.০০ | ৯৭.৮৪% | |

০২। সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ (ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, কুষ্টিয়া ) উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়/ কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয় সমূহে ০৩ (তিন) দিনের মধ্যে পুনঃবন্টন করবেন এবং একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগন শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। এছাড়া নিজ নিজ বিভাগাধীন ও অঞ্চলসমূহ স্ব স্ব অঞ্চল ও শাখাসমূহকে নির্ধারিত সীমার মধ্যে ঋণ বিতরণ লক্ষমাত্রা পুনঃবিন্যাস করতে পারবেন। এভাবে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা আগামী ২৩/০৫/২০২১ তারিখের মধ্যে বন্টন করে তার তথ্য অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা-০২

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩/০৪/২০২০ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার নং ০১ তারিখ ১৩/০৪/২০ এবং অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং ১১১৯ তারিখ ২৭/০৪/২০২০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৭/০৫/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১,
০২২২৩৩৮৮৯৪৯

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/২৫৮১(১২৫০) তারিখঃ ১৯/০৫/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১৯/০৫/২০২১

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক